



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল: info@nhrc.org.bd ওয়েব: www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/suomoto-৫৪/১৯- ৪০৩৬

তারিখ: ৩১/১০/২০১৯


বিষয়: নির্যাতন থেকে বাঁচাতে দূতাবাসে আবেদন জানিয়েও বাঁচাতে পারেননি নাজমা এ সংক্রান্ত অভিযোগের তদন্ত।

২৯ অক্টোবর ২০১৯ 'বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় “দূতাবাসে আকুতি জানানোর পরও বাঁচতে পারেননি নাজমা” শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, নির্যাতন থেকে বাঁচতে সৌদি আরব বাংলাদেশ দূতাবাসে আকুতি জানিয়েও কোনো সাহায্য পাননি মানিকগঞ্জের নাজমা বেগম। নিয়োগকারী গৃহকর্তার বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ জানাতে যোগাযোগ করলেও দূতাবাসের দুই ব্যক্তি তার সঙ্গে করেছেন কুরচিপূর্ণ আচরণ। দূতাবাসের নির্লিপ্ততা মৃত্যুর দিকে ঠেলে দেয় নাজমাকে। সৌদি আরবের মর্গে দেড় মাস পড়ে থাকার পর নাজমার লাশ শুক্রবার দাফন করা হয়েছে মানিকগঞ্জে। লাশ দাফনের পর ইন্টারনেটে ভাইরাল হওয়ার এক ভিডিওতে বেরিয়ে এসেছে দূতাবাসের কাছে প্রবাসী নারীর এই বঞ্চনার তথ্য।

০২। প্রবাসী নারী শ্রমিকের এই মর্মান্তিক মৃত্যু মানবাধিকারের চরম লঙ্ঘন। এমতাবস্থায়, অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক আগামী ১৩/১১/২০১৯ তারিখের মধ্যে কমিশনে প্রতিবেদন প্রেরণের জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল।

সংযুক্তি: ... ০১(পাতা)

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
ইস্কাটন রোড, ঢাকা


৩১/১০/২০১৯
(সুস্মিতা পাইক)
উপ-পরিচালক
জাতীয় মানবাধিকার কমিশন